# না।

# জেনে রাখুন।

নিয়ম কানুন জেনে রাখুন। **£120** জরিমানা থেকে বাঁচুন।

# আপনার যা জানা দরকার

**ট্রান্সপোর্ট ফর লন্ডন (TfL) এবং লন্ডনের 33টি বারা কাউন্সিল লন্ডনের রৌডগুলোতে যানজট দূর করতে বদ্ধপরিকর রয়েছে। ড্রাইভারগণ যাতে রাস্তায় গাড়ি চালানোর নিয়ম কানুন জানেন ও অনুসরণ করেন, তা নিশ্চিত করে নেওয়ার মাধ্যমে লন্ডনে গাড়ি চালানোর মানসিক চাপ ও সড়ক দুর্ঘটনা কমানো সম্ভব।**

লন্ডনের রেড রুট নেটওয়ার্ক তত্ত্বাবধান করার দায়িত্ব টি, এফ, এল (TfL) এর। লন্ডনের 33টি বারা তাদের স্ব স্ব বারার রেড রুট নেটওয়ার্কের বাইরে অন্যান্য রোড তত্ত্বাবধান করে। এই রৌড গুলিকে এখানে "বারা রৌড" বলা হয়েছে।

এই প্রচারপত্রে (লিফলেটে) আমরা কিছু আইন কানুন সম্পর্কে তথ্য প্রদান করেছি, যেগুলো অনুসরণ না করলে মারাত্মক যানজট ও ট্রাফিক সমস্যার সৃষ্টি হয়, যেমন:

- রেড রুট এবং বারা রৌডের উপর পার্কিং এবং গাড়ি থামানোর আইনের লঙ্ঘন
- বাস লেইন দিয়ে গাড়ি চালানো, থামানো এবং পার্ক করার আইনকানুনের লংঘন
- গাড়ী ঘুরানোর বা চলাচলের আইন কানুনের লঙ্ঘন যেমন ইয়লো বক্স জংশনে গাড়ী থামানো

টি.এফ.এল (TfL) এবং লন্ডনের 33টি বারা কাউন্সিল ট্রাফিক ওয়ার্ডেন, পার্কিং এটেন্ডেন্স, ট্রাফিক পুলিশ কমিউনিটি সাপোর্ট অফিসার এবং অনেক ক্যামেরার মাধ্যমে আইন কানুন বলবৎ করে। ক্যামেরাগুলো সপ্তাহের 7 দিন এবং দৈনিক 24 ঘন্টাব্যাপী আইন কানুন বলবৎ করার কাজে নিয়োজিত রয়েছে। নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে গাড়ি তুলে নিয়ে আটক রাখা হয়।

ট্রাফিক রেগুলেশন বিষয়ে আরও তথ্যের প্রয়োজন হলে এই ওয়েবসাইটে:**tfl.gov.uk/driving** যান

# রেড রুটে পার্ক করা এবং থামা

টি.এফ.এল (TfL) এর দায়িত্ব হলো রেড রুটের রৌডগুলো দিয়ে গাড়ির মুক্ত চলাচল নিশ্চিত করা (লন্ডনের প্রধান রৌডগুলোর 35% গাড়ি রেড রুট দিয়ে চলাচল করে)। রেড রুটগুলোতে গাড়ি থামানো ও পার্ক করার ব্যাপারে বিধি নিষেধ বলবৎ রয়েছে। এই বিধি নিষেধগুলো লাল রং এর 'নো স্টপিং লাইন' এবং রৌডের পাশের সাইনের পার্কিং, স্টপিং, লৌডিং বা আনলৌডিং এর অনুমোদিত সময় দ্বারা চিহ্নিত করা যায়।

রেড রুটে অবৈধ পার্কিং থেকে যানজটের সৃষ্টি হয় এবং যানবাহন চলাচলের পুরো ব্যবস্থাটি বিঘ্নিত হয়। রেড রুটে অবৈধ ভাবে পার্কিং করলে থামলে £120 জরিমানা দিতে হবে। তাই সব সময়ই রাস্তার পাশের সাইন দেখে নেবেন।

ব্লু ব্যাজ হোল্ডারদের (**Blue Badge Holder**)-গাড়ি পার্কিং এর জন্য সুনির্দিষ্ট জায়গা রেড রুট বরাবর চিহ্নিত করা থাকে। ব্লুব্যাজ হোল্ডারগণ বিধি নিষেধ বলবৎ থাকাকালীন সময়ে সাধারণ পার্কিং বক্সে অনির্দিষ্টকালের জন্য গাড়ি থামাতে পারবেন। তাছাড়া, যে সব লৌডিং বক্সের পাশের সাইনে গাড়ি থামানোর অনুমতি রয়েছে সেসব বক্সেও তারা সর্বাধিক তিন ঘন্টার জন্য গাড়ি থামাতে পারবেন এবং প্যাসেঞ্জার নামাতে বা উঠাতে পারবেন তবে গাড়িতে অবশ্যই ব্লু ব্যাজ লাগানো থাকতে হবে।

বাসের যাত্রী এবং পথচারীদের নিরাপদ চলাফেরার জন্য বাস যাতে রাস্তা বরাবর থামতে পারে সে জন্য সম্প্রতি লন্ডনের ব্যস্ততম ষ্টেশনসমূহের বাইরে একটি নতুন "ওয়াইড রেড লাইন" নামে রাস্তা চিহ্নিত করন প্রকল্প নেওয়া হয়েছে। ওয়াইড রেড লাইনে বাস ছাড়া অন্য কোন গাড়ী থামতে পারবে না। ট্যাক্সি এবং ব্লু ব্যাজ হোল্ডাররা থামতে পারবেন না।

# এই সাইনগুলোর সন্ধান করবেন

## রেড রুটের সাইন

নিচের সাইনগুলো কিছু উদাহরণ মাত্র। রেড রুটের বাধা নিষেধের সাইনের পাশে আরেকটি সাইনে নিষেধাজ্ঞা বলবৎ হওয়ার সময় লেখা থাকে। সেই সাইনটিও সর্বদা দেখে নেবেন।

### ডাবোল রেড লাইন এবং সাইন

যে কোনো সময় গাড়ি থামানো নিষিদ্ধ।

### সিংগুল রেড লাইন এবং সাইন

সকাল 7টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত গাড়ি থামানো, মালপত্র উঠানো, প্যাসেঞ্জার নামানো কিংবা উঠানো নিষিদ্ধ।

### রেড রুট ক্লিয়ারওয়ে

রেড রুট ক্লিয়ারওয়ে রেট রুট নেটওয়ার্কেরই একটি অংশ। রেডরুট ক্লিয়ারওয়ের রোডগুলোর চিহ্নিত স্থানেই কেবল গাড়ি থামানো যাবে। এসব রৌডে সাইন লাগানো থাকে, কিন্তু কিছু রাউন্ডেবাউট ও জাংশন ছাড়া, এসব রোডে কোনো রেড লাইন থাকে না।

## স্টপিং বক্স

রাস্তার উপরে লাল অথবা সাদা চিহ্ন দিয়ে এগুলো স্পষ্ট করে লেখা থাকে ।

## রেড বক্স

অফ-পিক টাইমে (সাধারণত সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত) পার্কিং ও লৌডিং এর (মালপত্র উঠানোর) অনুমতি রয়েছে । কিছু রেড বক্সে লৌডিং ও আনলৌডিং এর (মালপত্রও উঠানো ও নামানোর) অনুমতি থাকে । কিছু রেড বক্সে অল্প সময়ের জন্য পার্কিং এর অনুমতি রয়েছে । এগুলোতে ব্লু ব্যাজ হোল্ডারদের জন্যও বিশেষ শর্তাবলী প্রযোজ্য হয় । **বক্সের পাশের সাইনগুলোতে সময় এবং শর্তাবলী স্পষ্ট করে লেখা থাকে ।**




## হোয়াইট বক্স

দিনের যে কোনো সময় পার্কিং এবং লৌডিং এর অনুমতি রয়েছে । **বক্সের পাশের সাইনগুলোতে শর্তাবলী স্পষ্ট করে লেখা থাকে ।**




কোথাও যাওয়ার পরিকল্পনা করার সময় লন্ডনের রেড রুটগুলো দেখার দরকার হলে তা এই ওয়েবসাইটে পাওয়া যাবে:**tfl.gov.uk/driving**

# বারার রোডের উপর পার্ক করা অথবা গাড়ী থামা

লন্ডনের 33টি বারা সিঙ্গেল এবং ডাবল ইয়েলো লাইনে পার্কিং এর অপরাধ সহ গাড়ী পার্কিং এবং থামানোর অন্যান্য অপরাধের জন্য আইন প্রয়োগ করে থাকে । বারার রৌডের উপর পার্কিং এবং গাড়ী থামানোর আইন লঙ্ঘনে দুই স্তরের জরিমানার বিধি চালু রয়েছে । কি ধরণের আইনের লঙ্ঘন করা হয়েছে তার উপর নির্ধারিত হয় এই জরিমানা ।

## প্রহিভিটেড কন্ট্রাভেনশানস (নিষিদ্ধ আইনের লঙ্ঘন)

প্রহিভিটেড কন্ট্রাভেনশানস হল পার্কিং এবং গাড়ী থামানোর নিয়মকানুনের গুরুতর লঙ্ঘন যা রোড ব্যবহারকারী অন্যান্যদের উপর প্রভাব পড়ে । স্থানীয় বারার রৌডে পার্কিং এবং গাড়ী থামানোর গুরুতর আইন ভঙ্গের জন্য জরিমানার পরিমাণ এখন £120 । এ সমস্ত আইনের লঙ্ঘন রোড ব্যবহারকারী অন্যান্যদের উপর খুব বেশী প্রভাব পড়ে বলে মনে করা হয় । **যার মধ্যে হল:**

- নিয়ন্ত্রিত সময়ে (কন্ট্রোলড আওয়ারে) সিঙ্গল ইয়েলো লাইনে গাড়ী পার্কিং
- যে কোন সময়ে ডাবল ইয়লো লাইনে পার্কিং করা
- কিনারা থেকে 50 সেমি এর বেশী দুরত্বে পার্কিং করা এবং পাকিং বে এর ভিতরে পার্কিং না করা । যেমন: ডাবল পার্কিং
- অনুনোমোদিত কোন যানবাহন ব্লু ব্যাজ পার্কিং বে তে পার্কিং

সিঙ্গল ইয়েলো লাইন নির্দেশিত এরিয়াতে গাড়ী পার্কিং এর বিধি নিষেধ রয়েছে । যে সমস্থ দিনে এবং সময়ে পার্কিং করা অনুমোদিত নয় তা রোডের পাশে অথবা কন্ট্রোলড পার্কিং যোনের প্রবেশ পথে সাইনে লিখিতভাবে উল্লেখ থাকে ।

ডাবল ইয়লো লাইন বলতে বুঝায় গাড়ী পার্কিং করা অথবা অপেক্ষা করা সপ্তাহের 7 দিনে 24 ঘন্টাই নিষিদ্ধ অন্য কথায় "যে কোন সময়" নিষিদ্ধ যদি কিনা বছরের কোন বিশেষ সময়ে গাড়ি পার্কিং করা অথবা অপেক্ষা করার বিধি নিষেধের কথা লিখিতভাবে উল্লেখ থাকে ।

সিঙ্গেল অথবা ডাবল ইয়েলো লাইনে গাড়ী থামাতে এবং প্যাসেঞ্জার নামাতে বা উঠাতে পারবেন । মালপত্র লোড বা আনলোড করার জন্য গাড়ী থামাতে ও পারবেন যদি না কিনারায় ইয়েলো চিহ্ন থাকে এবং সাইনে লেখা থাকে যে পার্কিং করার অনুমতি নাই । **রৌডের পাশের সাইনে কি লেখা রয়েছে তা সব সময় দেখে নেবেন** ।

**বারার রোডে গাড়ী পার্কিং এবং থামানের নিয়মনীতি ভংগে গুরুতর অপরাধ করলে জরিমানার পরিমাণ £120 পর্যন্ত ।**

## সেকেন্ডারী কন্ট্রাভেনশানস( দ্বিতীয় মাত্রার আইনের লঙ্ঘন)

সেকেন্ডারী কন্ট্রাভেনশানস হল যে সকল পার্কিং নিয়মনীতি লঙ্ঘন করলে অন্যান্য রোড ব্যবহারকারীদের উপর কম প্রভাব পড়ে। রৌডে পার্কিং এবং গাড়ী থামার কম গুরুতর নিয়ম নীতি ভঙ্গের জরিমানা এখন £80পর্যন্ত। **এই ধরণের আইনের লঙ্ঘনের মধ্যে পড়ে।**

- মিটার বা পে এবং ডিসপ্লে বে এর নিকটে পার্কিং এর জন্য মূল্য পরিশোধ না করে গাড়ী পার্কিং
- একই পার্কিং স্থানে নন-রিটার্ন সময় সীমার মধ্যে প্রত্যাবর্তন
- বে বা গাড়ী পার্কিং এর খালি জায়গায় সঠিকভাবে গাড়ী পার্কিং না করা

বারা রৌডে পার্কিং এবং গাড়ী থামার কম গুরুতর নিয়ম নীতি ভঙ্গের জরিমানা £80 পর্যন্ত।

প্রহিভিটেড এবং সেকেন্ডারী কন্ট্রাভেনশানস এর উপর আরো তথ্য এবং কিভাবে এর শ্রেনী বিভাগ করা হয়েছে তা জানার জন্য অনুগ্রহ করে এই ওয়েবসাইটে:**tfl.gov.uk/driving** যান

# বাস লেনে গাড়ী চালানো, থামানো বা পার্কিং

সরকারী পরিবহন উন্নত করা এবং যানজট কমানোর অতি প্রয়োজনীয় একটি অংশ হল বাসগুলোকে বিনা বাধায় চলতে দেওয়া। লন্ডনের সকল বাসগুলো রোড লাইন এবং সাইনের দ্বারা চিহ্নিত করা আছে। কোন সময় থেকে কোন সময় পর্যন্ত অন্যান্য গাড়ী বাস লেইন দিয়ে চলতে পারবে না, তা রৌডের পাশের সাইনে লেখা থাকে। এককটি বাস লেইনের ক্ষেত্রে অন্যান্য গাড়ি চলাফেরা বিধি নিষেধ বলবৎ হওয়ার সময় একক ধরণের হয়ে থাকে। যদি কোন বাস লেইনের পাশের সাইনে সময়ের ব্যাপারে কোন বিধি নিষেধ লেখা না থাকে, তাহলে সেই লেইন দিয়ে কোনো সময়ই অন্য কোন গাড়ি চলাচল করতে পারবে না।

**কিছু বাস লেইনে নির্দিষ্ট কিছু সময়ে অন্যান্য গাড়ি চলাচল করতে পারবে - তবে কখন থেকে কখন পর্যন্ত চালাতে পারবেন বা পারবেন না তা সাইন পড়ে নিয়ে নিশ্চিত হয়ে নেবেন।**

**£120 জরিমানা দেবেন না। নিষিদ্ধ সময়ে বাস লেইন দিয়ে গাড়ি চালাবেন না, গাড়ি থামাবেন বা পার্ক করবেন না।**

# গাড়িগুলোকে মুক্ত ভাবে ও নিরাপদে চলতে দেওয়া

আইন কানুন বলবৎ করলে তা লন্ডনের গাড়িগুলোর মুক্ত চলাচলে সাহায্য করে। রোড সাইনগুলো হাইওয়ে কৌডেরই অংশ। তাই রোড সাইন অমান্য করলে মারাত্মক দূর্ঘটনার সৃষ্টি হতে পারে। রৌডে প্রায়ই দেখা যায় এমন কিছু সাইন নিচে দেওয়া হলো।

## ইয়েলো বক্স জাংশন

ইয়েলো বক্স জাংশনে গাড়ি থামালে যানজট এবং বিলম্বের সৃষ্টি হয়। আপনার এক্সিট এবং লেইন পরিষ্কার (ক্লিয়ার) না হওয়া পর্যন্ত কখনোই কোনো ইয়েলো বক্স জাংশনে প্রবেশ করবেন না। তবে আপনি হয়তো ইয়েলো বক্স জাংশনে তখনই প্রবেশ ও অপেক্ষা করতে পারবেন যখন রাইট টার্ন করতে যাবেন, অথবা বিপরীত দিক থেকে আসা গাড়ি কিংবা রাইট টার্ন করার জন্য অপেক্ষা রত আপনার সামনের গাড়িগুলোর কারণেই কেবলমাত্র ইয়েলো বক্স জাংশনে থামতে পারবেন।

## নিষিদ্ধ টার্ন

যানবাহনের রাইট টার্ন নিষিদ্ধ ।

যানবাহনের ইউ-টার্ন নিষিদ্ধ ।

## দিক নির্দেশের সাইন

ওয়ান ওয়ে ট্রাফিক ।

সামনে তীর চিহ্নিত দিকে গাড়িগুলোকে অবশ্যই টার্ন করতে হবে ।

## গাড়ির চলাচল নিষিদ্ধ

মোটর ভেহিকোল (মোটর যান) নিষিদ্ধ ।

**এখানে যে সকল কন্টাভেনশন দেখানো হয়েছে তার জন্য জরিমানার পরিমান £120**

রোড সাইনগুলোর পুরো তালিকার জন্য অনুগ্রহ করে এই ওয়েবসাইটে যান: **tfl.gov.uk/driving**

## ট্রাফিক লাইটে সাইকেল চালক

ট্রাফিক লাইট জাংশনগুলোতে সবুজ বাতি জ্বলার অপেক্ষাররত গাড়িগুলোর সামনে সাইকেল চালকদের নিরাপত্তার জন্য স্টপ বক্স চিহ্নিত করা থাকে ।

সবুজ বাতি জ্বলার আগে এবং যতক্ষণ পর্যন্ত অগ্রসর হওয়া নিরাপদ হবে না ততক্ষণ পর্যন্ত সাইকেল চালকদের জন্য নির্দিষ্ট বক্সে কখনোই প্রবেশ করবেন না ।

# লন্ডনকে চলতে দিন

আইন কানুন বলবৎ করলে লন্ডনের সব রোড ব্যবহারকারী উপকৃত হবেন। বিচার বিবেচনাহীন পার্কিং এবং গাড়ি থামানো দূর করলে যাত্রীরা সহজে এবং কম সময়ে ভ্রমন করতে সমর্থ হবেন, এবং এর পাশাপাশি বাস রুট ও বাস সার্ভিসগুলো আরো কার্যকরী ও নির্ভরযোগ্য হয়ে উঠবে।

যারা মালপত্র ডেলিভারি করেন তারাও উপকৃত হবেন কারণ তখন তারা সহজে মালপত্র ডেলিভারি করতে পারবেন। লৌডিং এবং আনলৌডিং এর বে বাড়ানো যাবে এবং ফলস্বরূপ দ্রুত ও সহজে মালপত্র ডেলিভারি করা যাবে। এতে করে সার্বিক ভাবে লন্ডনের অর্থনীতি উপকৃত হবে।

**সর্বশেষ, ট্রাফিক নিয়মকানুন বলবৎ করা থেকে যে অর্থ আসবে তা লন্ডনের রৌড উন্নতিকরণে এবং ট্রাফিক নিয়ন্ত্রণে পুনরায় ব্যয় করা হবে।**

জরিমানা এড়াতে অনুগ্রহ করে নিশ্চিত হউন যে এই প্রচার পত্রে বর্ণিত সকল নিয়মনীতি বুঝতে পেরেছেন।

## অন্যান্য ভাষায় ও বোঝার যোগ্য নমুনায় এই প্রচারপত্র

এই প্রচারপত্র রেকর্ডকৃত সিডি-তে, মোটা হরফে এবং নিম্নলিখিত ভাষাগুলোতে পাওয়া যায়: আরবী, বাংলা, চাইনিজ, ইংরেজী, ফ্রেঞ্চ, গ্রীক, গুজরাটি, হিন্দি, পোলিশ, পাঞ্জাবী, স্প্যানিশ, টার্কিশ, উর্দু এবং ভিয়েতনাম।

উপরোক্ত যে কোনো ভাষায় বা নমুনায় এই প্রচারপত্র চাইলে এই ওয়েবসাইটে যান: **tfl.gov.uk** অথবা এই নাম্বারে ফোন করুন (টেক্স্টফোন **020 7222 1234 (Textphone 020 7918 3015)**।

মুদ্রণে পাঠানোর পূর্ব পর্যন্ত এই প্রচারপত্রের বিষয়বস্তু সঠিক ছিলো।
জুলাই 2007

আরো জানার জন্য হাইওয়ে কৌড দেখুন।

A41022 07/07